

"নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ-২০২১" প্রতিযোগিতায় **BAUET**, সিএসই বিভাগের শিক্ষার্থীদের অভূতপূর্ব সাফল্য



"টিম মহাকাশ" এর গর্বিত সদস্য - বর্নিতা বসাক তুশা এবং মো: মোমেনুল হক "নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ -২০২১" এ বিশ্ব চ্যাম্পিয়ন

মহাকাশ গবেষণা সংস্থা নাসার স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২১-এর বিশ্ব চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ থেকে অংশগ্রহণকারী দল "টিম মহাকাশ"। বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বাউয়েট) এর সিএসই বিভাগের ০২ জন ও খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ০৪ জন শিক্ষার্থীদের সম্মিলিত টিম " মহাকাশ" 'নাসা বেস্ট মিশন কনসেপ্ট' ক্যাটাগরিতে বিশ্ব চ্যাম্পিয়ন হয়েছে। দ্বিতীয়বারের মতো বিশ্বের ১৬২টি দেশের ৪ হাজার ৫৩৪টি দলকে হারিয়ে বাংলাদেশ এবার চ্যাম্পিয়ন হয়েছে।

BoT, মাননীয় উপাচার্য ও বাউয়েট পরিবারের সকলের পক্ষ থেকে টিম মহাকাশের সকল সদস্যদের জন্য আন্তরিক অভিনন্দন ও দোয়া রইল।

"টিম মহাকাশ" এর উদ্ভাবিত টুলস 'অ্যাডভান্সড রিগোলিথ স্যাম্পলার সিস্টেম (এআরএসএস)' মূলত মহাকাশচারীরা ভিনগ্রহের পৃষ্ঠে অভিযানের সময় মুক্তভাবে উড়তে থাকা ধূলিকণা নিয়ন্ত্রণের কাজ করতে পারবে। আজ ১২ ডিসেম্বর ২০২১ (রবিবার) চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে (ভাসুয়ালা) বাংলাদেশ সরকারের তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি মন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি ডিজিটাল বাংলাদেশ দিবস- ২০২১ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানে টিম মহাকাশের এই সাফল্য সকলের উপস্থিতিতে ঘোষণা করেন এবং আন্তর্জাতিক অঙ্গনে এই বিশাল অর্জনের জন্য টিম মহাকাশের সকল সদস্যকে বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ প্রদান করেন।